

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
নড়িয়া, শরীয়তপুর।
www.dss.naria.shariatpur.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৮৬৬৫.০০০.১৬.০২১.২৫.৩৪

তারিখঃ ২৬/০১/২০২৫ খ্রি.

বিষয়: জনবল পদায়নের প্রস্তাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলাধীন নড়িয়া উপজেলা সমাজসেবা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ, সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ সরকার কর্তৃক আর্পিত সকল দায়িত্ব পালনে নিরালসভাবে কাজ করে যাচ্ছে। শরীয়তপুর জেলাধীন নড়িয়া সর্ববৃহৎ উপজেলা যেখানে ১৪ টি ইউনিয়ন ও একটি “ক” শ্রেণীর পৌরসভা আছে। বিদ্যমান জনবল নিয়ে এই বৃহৎ উপজেলায় সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা অসম্ভব ও দুরূহ হয়ে পড়েছে। সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য নিম্নোক্ত ছকে জনবল পদায়নের চাহিদা উপস্থাপন করা হলো।

“ছক”

ক্রমিক	পদের নাম	মঞ্জুরকৃত জনবল	বিদ্যমান জনবল	অতিরিক্ত চাহিত জনবল	পদ শূণ্য হওয়ায় কারণ
০১	ফিল্ড সুপারভাইজার	০	০	০১ জন	অবসরজনিত
০২	ইউনিয়ন সমাজকর্মী	০৮	০২	০৬ জন	০৪ জন ইউনিয়ন সমাজকর্মী সংযুক্তি ও ০২ জনের PRL জনিত কারণে পদ শূণ্য হয়েছে।
০৩	কারিগরী প্রশিক্ষক	০৩	০	০৩ জন	
০৪	নিরাপত্তা প্রহরী	০১	০	০১ জন	

এমতাবস্থায়, নড়িয়া উপজেলায় সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রমসমূহ সুন্দর ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে চাহিত ছক মোতাবেক জনবল পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের নিকট বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৬/০১/২০২৬

আরিফুজ্জামান

উপজেলা সমাজসেবা অফিসার

নড়িয়া, শরীয়তপুর।

ফোন: +৮৮০২৪৭৮৮১৬১২৬

ই-মেইলঃ usso.naria@dss.gov.bd

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়

শরীয়তপুর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।

৩। অফিস নথি।